

স্বাস্থ্য

২৪ ঘণ্টায় হামের উপসর্গে আরও ৭ জনের মৃত্যু

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: রোববার, ১৩ সেপ্টেম্বর ২০২৬, ০১:৩০ PM



দেশজুড়ে হামের উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় আরও সাতজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হাম ও এর উপসর্গে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১ হাজার ৯ জনে।

এ ছাড়া গত এক দিনে নতুন করে ৮৫৫ জনের শরীরে হাম ও এর উপসর্গ দেখা গেছে। আজ শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে।

এর আগে গতকাল শুক্রবার হামের উপসর্গ নিয়ে আরও তিনজনের মৃত্যু হয়েছিল।

স্বাস্থ্য অধিদপ্তরের গতকালের হালনাগাদ প্রতিবেদনে বলা হয়েছিল, ১৫ মার্চ থেকে গতকাল পর্যন্ত হাম ও এর উপসর্গে আক্রান্তের সংখ্যা ছিল ১ লাখ ৬৯ হাজার ৮২২ জন। নতুন ৮৫৫ জনসহ এই সংখ্যা আরও বেড়েছে।

এ সময়ে নিশ্চিত হাম আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১৯ হাজার ৯৬৭ জনে।

এ ছাড়া হাম ও এর উপসর্গ নিয়ে এ সময়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ লাখ ৪৯ হাজার ৪৭১ জন। তাঁদের মধ্যে ১ লাখ ৪৩ হাজার ৮৬৪ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন।

এ বিভাগের আরও খবর



ডেঙ্গুতে আরও ৬ জনের মৃত্যু, হাসপাতালে ১৬০৮
দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ছয় জনের মৃত্যু হয়েছে। এ সময় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৬০৮ জন। মারা যাওয়া ছয় জন...



হামের উপসর্গ নিয়ে আরও ৮ শিশুর মৃত্যু
দেশে ক্রমেই দীর্ঘ হচ্ছে হামে মৃত্যুর মিছিল। গত ২৪ ঘণ্টায় রোগটির উপসর্গ নিয়ে আরও ৮ শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর হামের উপসর্গ নিয়ে ১ হা...



ধামছে না হাম, আরও ৪ শিশুর মৃত্যু
দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও এর উপসর্গে আরও ৪ জনের মৃত্যু হয়েছে। এতে চলতি বছরের ১৫ মার্চ থেকে এ পর্যন্ত মোট প্রাণহানি দাঁড়িয়েছে ১,১১৪ জনে। একই সম...



একদিনে ভেসুতে আরও ৬ মৃত্যু, হাসপাতালে ভর্তি ১৯৪৮
দেশে গত ২৪ ঘণ্টায় ভেসুতে মৃত্যুর মিছিলে আরও ছয়জন যুক্ত হয়েছে। এ নিয়ে চলতি বছর ভেসুতে মোট ২৪৫ জনের মৃত্যু
হলো। বুধবার (৩০ সেপ্টেম্বর) স্বা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/health/24-ghntay-hamer-upsrge-aro-7-jner-mritju>